FEB. 12 2001

তারিখ ....................
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক ইত্তেফাক

### ইবি'র ৪৫ জন শিক্ষকের বিবৃতি

## দেশের বৃহত্তর স্বার্থে ক্যাম্পাসে ছাত্র রাজনীতি বন্ধে শীর্ষ রাজনীতিকদের প্রতি আহ্বান

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** গতকাল রবিবার ইসলামী বিশ্ববিদ্যালয় আওয়ামী লীগ, বামপন্থী, বিএনপি এবং জামায়াত সমর্থক ৪৫ জন শিক্ষক এক যৌথ বিবৃতিতে দেশ-জাতির বৃহত্তর স্বার্থে

(১০ম পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

### দেশের বৃহত্তর স্বার্থে

(শেষ পৃষ্ঠার পর)

এবং শিক্ষা ও শিক্ষাঙ্গনকে রক্ষার্থে অবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার দাবী জানাইয়াছেন। বিবৃতিতে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করিতে সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিএনপি সভানেত্রী বেগম খালেদা জিয়া, জাতীয় পার্টি (এ) চেয়ারম্যান হুসাইন মুহাম্মদ এরশাদ এবং জামায়াতের আমীর মাওলানা মতিউর রহমান নিজামীর প্রতি আহ্বান জানানো হইয়াছে। বিবৃতিতে শিক্ষকগণ ছাত্র রাজনীতি বন্ধের ব্যাপারে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমেদের অব্যাহত অভিপ্রায় এবং প্রদত্ত বক্তব্যের সহিত একাত্মতা প্রকাশ করেন।

বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন প্রফেসর একিন উদ্দিন, প্রফেসর মোশারফ হোসেন, প্রফেসর আবুল কালাম পাটোয়ারী, মোঃ শাহজাহান, আলীমুর রহমান, আবেদা সুলতানা প্রমুখ।